

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৪৩২৬

আগরতলা, ২২ ডিসেম্বর, ২০২৩

শিল্প ও বাণিজ্য দপ্তরে এলডিসি পদে চাকরি প্রাপকদের অফার
অফার প্রাপকদের সক্রিয় অংশগ্রহণে দপ্তর
আরও শক্তিশালী হবে : শিল্প ও বাণিজ্যমন্ত্রী



আত্মনির্ভর ত্রিপুরা গড়ে তোলা রাজ্য সরকারের মুখ্য উদ্দেশ্য। এক ভারত শ্রেষ্ঠ ভারত বা এক ত্রিপুরা শ্রেষ্ঠ ত্রিপুরা গড়ে তোলা বর্তমান সরকারের অন্যতম লক্ষ্য। এজন্য প্রয়োজন সবার ঐক্যবদ্ধ প্রচেষ্টা ও সহযোগিতা। আজ সচিবালয়ের ২ নং সভাকক্ষে এক অনুষ্ঠানে জেআরবিটির মাধ্যমে শিল্প ও বাণিজ্য দপ্তরে এলডিসি পদে নির্বাচিত চাকরি প্রাপকদের হাতে অফার তুলে দিয়ে শিল্প ও বাণিজ্যমন্ত্রী সান্ত্বনা চাকমা একথা বলেন। উল্লেখ্য, জেআরবিটির মাধ্যমে শিল্প ও বাণিজ্য দপ্তরে এলডিসি পদে ৩২ জন চাকরি প্রার্থী নির্বাচিত হয়েছেন। চাকরি প্রাপকদের মধ্যে মহিলা ৭ জন এবং পুরুষ ২৫ জন রয়েছেন। অনুষ্ঠানে জেআরবিটির মাধ্যমে শিল্প ও বাণিজ্য দপ্তরে এলডিসি পদে নির্বাচিত চাকরি প্রাপকদের আজ অফার দেওয়া হয়।

অনুষ্ঠানে শিল্প ও বাণিজ্যমন্ত্রী সান্ত্বনা চাকমা আশা প্রকাশ করেন রাজ্যের বিকাশকে ত্বরান্বিত করতে অফার প্রাপকগণ অগ্রণী ভূমিকা নেবেন। তিনি বলেন, অফার প্রাপকদের সক্রিয় অংশগ্রহণে দপ্তর আরও শক্তিশালী হবে। আগামীদিনে সবার ঐক্যবদ্ধ প্রচেষ্টায় ত্রিপুরা আরও উন্নতির পথে এগিয়ে যাবে বলে তিনি আশা ব্যক্ত করেন। অনুষ্ঠানে শিল্প ও বাণিজ্যমন্ত্রী অফার প্রাপকদের আন্তরিক শুভেচ্ছা ও কর্মজীবনে তাদের সফলতা কামনা করেন। অনুষ্ঠানে শিল্প ও বাণিজ্য দপ্তরের সচিব কিরণ গিত্যে উপস্থিত ছিলেন। এছাড়াও বক্তব্য রাখেন দপ্তরের অধিকর্তা বিশ্বশ্রী বি। অনুষ্ঠানে অফার প্রাপকদের মধ্যে অনেকে তাদের অভিব্যক্তির কথা তুলে ধরেন।
